ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



এলো ডানকির নতুন গান, শাহরুখ জানালেন এটাই তার প্রিয়

পৃঃ ৫



বিশ্বকাপের সম্ভাবনা উড়িয়ে দেননি মেসি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ৩৩১ ● কলকাতা ● ২০ অগ্রহায়ণ, ১৪৩০ ● বৃহস্পতিবার ● ০৭ ডিসেম্বর, ২০২৩ পৃষ্ঠা - ৬২ টাকা

## জ্যোতিপ্রিয় মল্লিকের হিসাবরক্ষককে তলব করল ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুর্নীতি মামলায় গ্রেফতার করা হয় মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিককে। ইডি হেফাজত থেকে জেলে যান বনমন্ত্রী। কিন্তু অসুস্থ হয়ে পড়ায় প্রাক্তন খাদ্যমন্ত্রী এখন পিজি হাসপাতালে চিকিৎসাধীন। সেখানে সিসিটিভি লাগানো হয়েছে। আর এই মামলায় তদন্ত করছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। এই আবহে আজ, বুধবার জ্যোতিপ্রিয় মল্লিকের হিসাবরক্ষক জয়শঙ্কর গুপ্তাকে তলব করল এনফোর্সমেন্ট ডাইরেক্টরেট।অন্যদিকে জ্যোতিপ্রিয় মল্লিকের মেয়ে, স্ত্রী এবং প্রাক্তন আপ্ত সহায়কের আর্থিক লেনদেন সংক্রান্ত বেশ কিছু তথ্য জানতে চান ইডি অফিসাররা। বেশ কিছু নথি চেয়েও পাঠানো হয়েছিল জয়শঙ্কর গুপ্তার কাছে। আজ সেগুলি নিয়ে গিয়েছিলেন ওই হিসাবরক্ষক। সেগুলি ইডির কাছে জমা দিয়েছেন। তখন তাঁর বয়ানও রেকর্ড করা হয়েছে। তবে যে উত্তর তিনি দিয়েছেন এবার তার সঙ্গে নথি মিলিয়ে দেখবেন অফিসাররা। তাই এখন তাঁকে ছেড়ে দেওয়া হয়। তার পর তিনি বেরিয়ে যান সিজিও কমপ্লেক্স থেকে। তবে পরে আবার ডাকা হতে পারে বলে সূত্রের খবর। মামলার পরবর্তী শুনানিতে আদালতের কাছে নতুন কোন তথ্য পেশ করেন ইডির আইনজীবী সেটাই দেখার। সেখানে তাঁকে নানা প্রশ্নের মুখে পড়তে হয়। আর জবাবে যা বলেছেন সেই বয়ান রেকর্ড

এরপর ৩ পাতায়

## মমতাকে ফোন করেছিলেন স্বয়ং রাহুল!

# বৈঠক নিয়ে মিটল জটিলতা



**রাজস্থান, ছত্তিশগড়, মধ্যপ্রদেশ : নিউজ সারাদিন :** তেইশের বিধানসভা নির্বাচনে মূল ৩ রাজ্যেই ভরাডুবি হয়েছে কংগ্রেসের। আর ফল ঘোষণার পরেই কংগ্রেসের সমালোচনায় মুখ মুখতে দেখা গিয়েছিল তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। এমনকি, বুধবারের 'ইন্ডিয়া' জোটের বৈঠকেও যোগ দিতে পারবেন না বলে জানিয়েছিলেন তৃণমূলনেত্রী।সেই জল্পনার আগুনে খানিক হাওয়া লাগে মমতা বন্দ্যোপাধ্যায়ের গত সোমবারের মন্তব্যের পর। ওইদিন মমতা জানিয়েছিলেন, বুধবারের বৈঠকের বিষয়ে তাঁকে আগে থেকে কিছু জানানো হয়নি। শেষ মুহূর্তে বিষয়টি জানতে পারেন তিনি। ওইদিন রাজভবন থেকে বেরিয়ে তৃণমূলনেত্রী বলেছিলেন, "আগামী ৬ থেকে ১১ ডিসেম্বর আমি নর্থ বেঙ্গল যাচ্ছি। ৬ তারিখের বৈঠকের কথা আমি জানতাম না। যদি জানতাম ওই দিন বৈঠক ডাকা হয়েছে, তাহলে হয়ত আমি আমার সফরের তারিখ বদল করতাম।"

কিন্তু, বুধবার উত্তরবঙ্গ সফরে যাওয়ার আগে বিমানবন্দরে দাঁড়িয়ে মমতা জানালেন, ৬ ডিসেম্বর অর্থাত, বুধবারের বৈঠকের বিষয়ে জানাতে তাঁকে ফোন করেছিলেন স্বয়ং রাহুল গান্ধি। এরপরেই 'ইন্ডিয়া'র পরবর্তী বৈঠকে যোগ দেওয়ার বিষয়ে ইতিবাচক মন্তব্য করতে শোনা যায় মমতা বন্দ্যোপাধ্যায়কে।এরপরেই রাজনৈতিক মহলের অন্দরে প্রশ্ন উঠতে শুরু করেছিল, তাহলে কি এবার আলগা হতে শুরু করল 'ইন্ডিয়া' জোটের বাঁধন? বুধবার অবশ্য মমতার মন্তব্য কিছুটা হলেও স্তিমিত হল সেই জল্পনা।

বুধবারই উত্তরবঙ্গ সফরের উদ্দেশে রওনা দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিমানে ওঠার আগে সাংবাদিকদের একাধিক প্রশ্নের উত্তর দেন মমতা। সেখানেই তিনি বলেন,

এরপর ৩ পাতায়

## ৩ রাজ্যের ভোটের পরই ইস্তফা বিজেপির ১০ সাংসদের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিধানসভা নির্বাচনে পালে হাওয়া টানতে চার রাজ্যে ২১ জন সাংসদকে প্রার্থী করেছিল বিজেপি। সেই ২১ জনের মধ্যে ১২ জন সাংসদ জিতে এসেছেন। সেই ১২ জনের মধ্যে ১০ জন বুধবার লোকসভা থেকে ইস্তফা দিয়ে দিলেন। এঁদের মধ্যে একাধিক কেন্দ্রীয় মন্ত্রীও রয়েছেন।

সাংসদদের ইস্তফার ফলে ওই আসনগুলি শূন্য হয়ে গেল। যদিও ওই আসনগুলিতে উপনির্বাচনের সম্ভাবনা নেই। কারণ কয়েক মাসের মধ্যেই লোকসভা নির্বাচন। এই কয়েক মাস ওই আসনগুলি সাংসদ শূন্যই থাকবে।

যে ২১ জন সাংসদকে বিজেপি দাঁড় করিয়েছিল, তাঁদের মধ্যে রাজস্থানের ৩ জন, মধ্যপ্রদেশের ২ জন এবং ছত্তিশগড়ের একজন সাংসদ পরাস্ত হয়েছেন। ভোটে হেরে গিয়েছেন তেলেঙ্গানার ৩ সাংসদই। তবে বাকি যারা জিতে এসেছেন তাঁদের প্রত্যেকের মুখ্যমন্ত্রী হওয়ার সম্ভাবনা রয়েছে। বিজেপি সূত্রের খবর, দলের তরফেই এই সাংসদদের ইস্তফা দিতে বলা হয়েছে। তাঁদের রাজ্য বিধানসভায় বড় দায়িত্ব দেওয়ার প্রতিশ্রুতিও দিয়েছে গেরুয়া শিবির।

বুধবার এই ১২ জনের মধ্যে ১০ জন সংসদে এসেছিলেন। ১০ জনই ইস্তফা দিয়েছেন। এদের মধ্যে ২ জন আবার কেন্দ্রীয় মন্ত্রী। নরেন্দ্র সিং তোমর এবং প্রহ্লাদ সিং, এই দুই মন্ত্রীই সাংসদ পদ

এরপর ৩ পাতায়








## সরকারি ধান ক্রয় কেন্দ্রে ধান বিক্রি করতে

# এসে চরম হয়রানির শিকার চাষীরা,ধান বিক্রি করতে প্রতি কুইন্টালে দিতে হচ্ছে ৫ কেজি ধলতা,গোটা ঘটনা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা

**সানু ইসলাম, ০৬ ডিসেম্বর, নিউজ সারাদিন :** মাথার ঘাম পায়ে ফেলে ধান চাষ করেন চাষিরা।সেই ধান বিক্রির উপর নির্ভর করেই চলে তাদের সারাটা বছর।এবার সরকারি ধান ক্রয় কেন্দ্রে ধান বিক্রি করতে এসে চরম হয়রানীর শিকার হচ্ছে কৃষকরা।মালদা জেলার গাজোলের সরকারি ধান ক্রয় কেন্দ্রে সরকারি ন্যায্য মূল্যে ধান দিতে এসে হয়রানির মুখে পড়তে হচ্ছে এমনটাই অভিযোগ কৃষকদের।কৃষকদের কাছ থেকে বেশি করে ধলতা চাওয়া হচ্ছে।যার ফলে কৃষকরা সমস্যায় পড়েছেন।মালদা গাজোল ,হরিশ্চন্দ্রপুর সহ বিভিন্ন ব্লকে সরকারি ধান ক্রয় কেন্দ্রে বেশি পরিমাণে ধলতা চাওয়ার অভিযোগ উঠেছে। চাষিরা এই নিয়ে বিক্ষোভ ও প্রতিবাদ জানাচ্ছে।যেখানে কুইন্টাল প্রতি ২ থেকে ৩ কিলো ধলতা নেওয়া কথা ছিল সেখানে দেখা যাচ্ছে পাঁচ থেকে ছয় ,সাত কিলো করে ধলতা চাওয়ার অভিযোগ উঠেছে কৃষকের কাছ থেকে। শুধু তাই নয় বন্যার সময় মালদা জেলার বামনগোলা, হবিবপুর, এবং বিশেষ করে গাজোল ব্লকে বন্যার জলে ধানের জমি ডুবে গিয়েছিল সে সময় রাজ্য সরকারের কৃষি দপ্তর থেকে একটি সার্ভে করা হয় এবং যে সমস্ত কৃষকদের ধান নষ্ট হয়ে গেছিল তাদেরকে ক্ষতিপূরণ দেয়া হবে বলে সরকার প্রতিশ্রুতি দিয়েছিল।পুরাতন মালদার কৃষকদেরও একই অভিযোগ। কিন্তু আজকে প্রায় এক বছর হতে চলেছে সেই ক্ষতি সরকার দেয়নি বলে অভিযোগ।আগামী দিনে যদি তাদের ক্ষতিপূরণ এবং কম পরিমাণে ঢলতা না নেয় তাহলে কৃষকরা বৃহত্তর আন্দোলনে নামবে বলে হুঁশিয়ারি দিয়েছেন।আর এই ঘটনা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা।

গাজোল বিধানসভা কেন্দ্রের বিজেপি বিধায়ক চিন্ময়দেব বর্মন জানান,কৃষকদের কাছ থেকে বেশি পরিমাণে ধলতা নেওয়া হচ্ছে এবং যে ধলতার অর্থ সংগ্রহ হচ্ছে সেটা তৃণমূলের নেতা নেত্রীরা তাদের সংগঠনের কাজে লাগাচ্ছে।আগামী দিনে কৃষকদের ক্ষতিপূরণ না দেওয়া হলে আমি ভারতীয় জনতা পার্টি কৃষকদের হয়ে আন্দোলনে নামবো।

অন্যদিকে মালদা জেলা পরিষদের তৃনমূল সদস্য দীনেশ টুডু জানান, কৃষকদের যা করছে তা আমাদের সরকার করছে।আজকে বিজেপি শাসিত রাজ্যগুলিতে কৃষকরা সুরক্ষিত নয়।আর কৃষকদের যাতে ক্ষতিপূরণ দেওয়া হয় সে বিষয়েও খুব শীঘ্রই রাজ্যের কৃষি দপ্তর কৃষকদেরকে তুলে দেবে। বিরোধীদের কাজই হচ্ছে শুধু রাজ্য সরকারের বিরোধিতা করা

মালদা জেলার কৃষি দপ্তরের অধিকর্তা দেবনাথ মজুমদার জানান,কিষাণ মান্ডিতে ধান বিক্রি করার ক্ষেত্রে কৃষকদের যে ধলতা বেশি পরিমাণে চাওয়ার অভিযোগ বিষয়টি আমরা শুনতে পেয়েছি আমরা ইতিমধ্যেই কৃষি দপ্তরের আধিকারিক জেলা প্রশাসনের আধিকারিকদের নিয়ে জরুরী বৈঠক করেছি। পাশাপাশি বিষয়টি নিয়ে তদন্ত করে দেখা হবে, কৃষকদের যে ক্ষতিপূরণ সে ক্ষতিপূরণও আশা করা যায় ডিসেম্বরের মাসে দেওয়া হবে।

## ভেস্টেড অল্টারনেটিভ অ্যাসেট অফার প্রসারিত করেছে,

# পি২পি ঋণ, বন্ড এবং সোলার যোগ করেছে

মূল হাইলাইট:

- ভেস্টেড তার বিকল্প সম্পদ পোর্টফোলিও প্রসারিত করে বিনিয়োগকারীদের ভেস্টেড এজ এর মাধ্যমে পিয়ার-টু-পিয়ার (পি২পি) ঋণ প্রদান, INR বন্ডের মাধ্যমে বন্ড এবং ভেস্টেড সোলারের মাধ্যমে সৌর প্রকল্পে সহজে অ্যাক্সেস প্রদান করে
  - ভেস্টেড এজ বিনিয়োগকারীদের একাধিক আরবিআই -অনুমোদিত পি২পি ঋণ অংশীদারদের মধ্যে বৈচিত্র্য আনতে এবং ১২% পর্যন্ত নির্দিষ্ট রিটার্ন অর্জন করতে দেয় বৈচিত্র্য আনতে এবং ১২% পর্যন্ত নির্দিষ্ট রিটার্ন অর্জন করতে দেয়
  - INR বন্ড কর্পোরেট বন্ড এবং সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ করার এবং ১২% পর্যন্ত নির্দিষ্ট রিটার্ন উপার্জন করার বিকল্প প্রদান করে
  - ভেস্টেড সোলার ছাদের প্রকল্পে সৌর প্যানেলের মালিকানা সহ একটি টেকসই বিনিয়োগ পছন্দ উপস্থাপন করে, 10-13% IRR-এর প্রতিশ্রুতি দেয়
- অল্টারনেটিভ অ্যাসেটের উপর শিক্ষামূলক কোর্স প্রদানের জন্য ভেস্টেড ভেস্টেড একাডেমিও চালু করেছে



**Kolkata, 5th December 2023: নিউজ সারাদিন :** ভেস্টেড, একটি নেতৃস্থানীয় ডিজিটাল বিনিয়োগ প্ল্যাটফর্ম, তার পরিষেবা অফারগুলিতে একটি গুরুত্বপূর্ণ সম্প্রসারণ ঘোষণা করেছে, অল্টারনেটিভ অ্যাসেটের বিভিন্ন পরিসর অন্তর্ভুক্ত করার জন্য তার সফল ইউএস স্টক বিনিয়োগ পণ্যের বাইরে প্রসারিত করেছে।

ভেস্টেডের যাত্রা শুরু হয়েছিল ভারতীয় বিনিয়োগ বাজারে, বৈশ্বিক বৈচিত্র্যের একটি গুরুত্বপূর্ণ ব্যবধান মোকাবেলার মাধ্যমে। কোম্পানিটি ইউএস স্টক এবং ETF-এ অ্যাক্সেসের জন্য একটি সহজ-ব্যবহারযোগ্য প্ল্যাটফর্ম তৈরি করেছে, যার ফলে নভেম্বর 2023 পর্যন্ত 2.5 লক্ষের বেশি বিনিয়োগকারী 1,800 কোটি টাকার বেশি অ্যাকাউন্ট ও ডিপোসিটস খুলতে পেরেছে।

ভেস্টেডের গ্রাহকরা তাদের পোর্টফোলিওর একটি অংশকে মার্কিন বাজারে বৈচিত্র্যময় করে, এটিকে একটি বিকল্প সম্পদ হিসেবে বিবেচনা করে। এর সম্প্রসারণের অংশ হিসাবে, কোম্পানিটি এখন তিনটি ভারত-ভিত্তিক বিকল্প অ্যাসেট চালু করছে: পি2পি ঋণ (ভেস্টেড এজ এর মাধ্যমে), INR বন্ড এবং সোলার।

**পি2পি ঋণের জন্য ভেস্টেড এজ**

ভেস্টেড এজ বিনিয়োগকারীদের তাদের বিকল্প নির্দিষ্ট আয়ের পোর্টফোলিওতে সম্ভাব্য 12% পর্যন্ত রিটার্ন প্রদান করে পি২পি ঋণ যোগ করার অনুমতি দেয়। অন্যান্য প্ল্যাটফর্মের বিপরীতে, ভেস্টেড এজ বিনিয়োগকারীদেরকে তাদের বিনিয়োগকে স্বয়ংক্রিয়ভাবে একাধিক আরবিআই -নিয়ন্ত্রিত পি2পি প্ল্যাটফর্মে বিতরণ করতে সাহায্য করে ঝুঁকি কমাতে সাহায্য করে, এই ধরনের দুটি প্ল্যাটফর্ম থেকে শুরু করে: ফেয়ারসেন্ট এবং লেন্ডবক্স।

আরবিআই এর 2017'র প্রবিধানের পর থেকে, পি2পি লেনদেন ভারতে উল্লেখযোগ্য বৃদ্ধি পেয়েছে, অনুমান করা হয়েছে যে 2026 সালের মধ্যে বাজারের আকার $10 বিলিয়ন হবে।.

**INR বন্ড**

INR বন্ডগুলি ভেস্টেড গ্রাহকদের জন্য অন্য একটি বিকল্প স্থায়ী আয় বিনিয়োগের সুযোগ দেয়। ভেস্টেড তালিকাভুক্ত কর্পোরেট এবং সরকারী বন্ডগুলির একটি কিউরেটেড নির্বাচন অফার করে, যার মধ্যে A এবং তার উপরে রেট দেওয়া কর্পোরেট বন্ড এবং সরকারী বন্ডগুলি ভারত সরকার দ্বারা সমর্থিত, 9-12% এর মধ্যে রিটার্ন অফার করে।

**সোলার**

এর সৌর অফার দিয়ে, ভেস্টেড ভারতকে পরিচ্ছন্ন শক্তিতে রূপান্তরিত করতে সাহায্য করার সময় ব্যক্তিদের আয় উপার্জনের সুযোগ দিতে চাইছে। ভেস্টেড সোলারের মাধ্যমে, বিনিয়োগকারীরা ছাদের প্রজেক্টগুলিতে সোলার প্যানেলের মালিক হতে পারে এবং প্যানেলের জীবনকাল ধরে উৎপন্ন বিদ্যুৎ থেকে প্রায় 10-13% IRR উপার্জন করতে পারে।

নতুন অ্যাসেট ক্লাসের পাশাপাশি, কোম্পানিটি তার ভেস্টেড একাডেমিও চালু করেছে - একটি উদ্যোগ যা বিকল্প সম্পদের উপর ব্যাপক তথ্য প্রদান করে যাতে বিনিয়োগকারীরা শিক্ষিত সিদ্ধান্ত নিতে পারে।

**ভিরাম শাহ, সিইও, ভেস্টেড, বলেছেন,** "আমরা আমাদের বিদ্যমান মার্কিন বিনিয়োগ অফারে অতিরিক্ত অল্টারনেটিভ অ্যাসেট যোগ করতে আগ্রহী। আমরা বিশ্বাস করি যে অল্টারনেটিভ অ্যাসেট হল ভবিষ্যত। বিনিয়োগকারীরা যেমন বন্ড, সোলার, পি2পি লেনদেন, রিয়েল এস্টেট, গ্লোবাল স্টক

## এলজি সশস্ত্র বাহিনী পতাকা দিবসের উপলক্ষ্যে

# ভারতীয় সশস্ত্র বাহিনীকে সহায়তা করার জন্য ১ কোটি টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে

- এর কর সালাম উদ্যোগের অধীনে, এলজি সশস্ত্র বাহিনী পতাকা দিবস তহবিলে অনুদান দিতে প্রস্তুত
- ২০১৭ সালে শুরু করা, কর সালাম প্রোগ্রামটি ভারতীয় সশস্ত্র বাহিনীকে সমর্থন করার জন্য ক্রমাগতভাবে তার উৎসর্গ প্রদর্শন করেছে




**Kolkata, 06th December 2023 : নিউজ সারাদিন :** এলজি ইলেকট্রনিক্স, ভারতের শীর্ষস্থানীয় ভোক্তা টেকসই কোম্পানি, ১৯৪৯ সাল থেকে শুরু হওয়া ৭ ই ডিসেম্বর ভারতে সশস্ত্র বাহিনীর পতাকা দিবস পালনের আগে, সশস্ত্র বাহিনী পতাকা দিবস ফান্ডে (AFFDF) ১ কোটি টাকা অবদানের মাধ্যমে ভারতীয় সশস্ত্র বাহিনীর প্রতি তার অটল সমর্থনকে পুনরায় নিশ্চিত করেছে। সশস্ত্র বাহিনী পতাকা দিবসের লক্ষ্য শহীদদের এবং বীর সেনাদের সম্মান জানানো যারা বীরত্বের সাথে রক্ষা করেছেন এবং আমাদের দেশের সম্মান রক্ষা করে আমাদের সীমান্ত রক্ষা অব্যাহত রেখেছেন।

কর সালাম উদ্যোগের অধীনে, এলজি ইলেকট্রনিক্স ভারতীয় সৈন্যদের উৎসর্গ এবং আত্মত্যাগের প্রতি আন্তরিক অভিবাদন জানায়। সশস্ত্র বাহিনীর মঙ্গল বৃদ্ধির লক্ষ্যে এই অবদান, দেশের প্রতি তাদের অনুকরণীয় সেবার প্রতি এলজির গভীর শ্রদ্ধা প্রদর্শন করে। ২০১৭ সালে চালু করা 'কর সালাম' উদ্যোগটি ভারতের সৈন্যদের দ্বারা প্রদর্শিত উদারতার চেতনাকে স্বীকৃতি দেওয়ার এবং সম্মান করার জন্য এলজি'র প্রতিশ্রুতিকে মূর্ত করে।

এই উল্লেখযোগ্য অবদানের বিষয়ে মন্তব্য করে, মিস্টার হং জু জিওন, এমডি- এলজি ইন্ডিয়া প্রকাশ করেছেন, "গত ২৬ বছর ধরে ভারতে গভীরভাবে প্রোথিত একটি কোম্পানি হিসাবে, এলজি আমাদের সশস্ত্র বাহিনীর বিশাল অবদানকে স্বীকৃতি দেয়। কর সালাম উদ্যোগ হল সেই সাহসী হৃদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশের আমাদের বিনীত উপায় যারা নিঃস্বার্থভাবে জাতির জন্য নিজেদের উৎসর্গ করেছেন। তাদের সেবায় তাদের পাশে দাঁড়াতে পেরে আমরা সম্মানিত।"

Cmde এইচ পি সিং - সেক্রেটারি কেন্দ্রীয় সৈনিক বোর্ড, বলেছেন, "আমরা এলজি ইলেক্ট্রনিক্সকে তাদের ধারাবাহিক সমর্থনের জন্য এবং যারা জাতির জন্য তাদের জীবন উৎসর্গ করেছেন তাদের কল্যাণে অবদান রাখতে অন্যদের যোগদানের জন্য অনুপ্রাণিত করার জন্য আমাদের আন্তরিক ধন্যবাদ জানাই।কর সালাম উদ্যোগ, বছরের পর বছর ধরে, উল্লেখযোগ্যভাবে সচেতনতা বৃদ্ধি করেছে এবং ফান্ড তৈরির সুবিধা দিয়েছে। আমরা আশাবাদী যে এই বছর বর্ধিত অংশগ্রহণের সাক্ষী হবে, এই কাজে অবদান রাখবে এবং যুদ্ধের বিধবা, শহীদের সন্তান, যুদ্ধ-অক্ষম সৈনিক এবং প্রাক্তন সেনাদের জীবন বৃদ্ধি করবে।"

## গঙ্গাসাগরে বারানসির আদলে গঙ্গা আরতী!



**নুরসেলিম লস্কর,গঙ্গাসাগর : নিউজ সারাদিন :** গত বছর গঙ্গাসাগর মেলার প্রাক্কালে কলকাতার আউটরাম ঘাট থেকে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পূর্ণ্যার্থীদের উদ্দেশ্যে ঘোষণা করেছিলেন, গঙ্গাসাগরে বারানসির আদলে শুরু হবে গঙ্গাআরতী, মেলা ঘিরেই গঙ্গাসাগরের কপিলমুনি মন্দিরের পবিত্র স্নান ঘাটে সেইদিনই শুরু হয়েছিল গঙ্গা আরতী। তবে মেলার পর বন্ধ থাকলেও আবার ও মেলার প্রাক্কালে ভারত সরকারের আয়োজনে শুরু হলো গঙ্গা সংস্কৃতি যাত্রা ও গঙ্গা আরতী। আজ সন্ধ্যায় গঙ্গাসাগরে গঙ্গায় গঙ্গা আরতীর সাক্ষী থাকলেন কয়েক হাজার মানুষ। কুম্ভমেলার পর সবথেকে বড় মেলা অনুষ্ঠিত হয় এই গঙ্গাসাগরে, আর এই মেলা ঘিরেই আজ ভারত সরকারের আয়োজনে গঙ্গাসাগরের কপিলমুনি মন্দির প্রাঙ্গণে ও পবিত্র স্নান ঘাটে গঙ্গাআরতি, এই গঙ্গা আরতীর অপূর্ব দৃশ্যের সাক্ষী থাকতে রিতিমত হাজার হাজার মানুষ ভীড় আজ গঙ্গাসাগরের পবিত্র এই স্নান ঘাটে। এই পবিত্র অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, গঙ্গাসাগর সমষ্টি উন্নয়ন আধিকারিক কানাইয়া কুমার রয়, সাগর ব্লকের যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক রাজেন্দ্র সিং, উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির সভাপতি সাবিনা বিবি,সহ-সভাপতি স্বপন প্রধান, উপস্থিত ছিলেন গঙ্গাসাগর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান হরিপদ মন্ডল উপস্থিত ছিলেন।




## খবরের জেরে নড়েচড়ে বসলো মহাকুমা প্রশাসন

# শিশু শিক্ষা কেন্দ্রে নিম্নমানের খাবার দেওয়ার অভিযোগে শোকজ করা হলো মুখ্য সহায়িকাকে

**সানু ইসলাম, ০৬ডিসেম্বর : নিউজ সারাদিন :** মিডডে মিলের মজুত করা ডালে কিলকিল করছে পোকা।সেই ডাল রান্না করে খাওয়ানো হচ্ছিল ক্ষুদে পড়ুয়াদের। প্রতিনিয়ত নিম্নমানের খাবার দেওয়া হতো এই অভিযোগ নিয়ে বিক্ষোভ দেখিয়েছিলেন অভিভাবকেরা।মালদহের চাঁচল ১ ব্লকের সাঞ্জীব শিশু শিক্ষা কেন্দ্রের ঘটনা। বিক্ষোভকারীদের অভিযোগ ছিল,প্রতিনিয়ত নিম্নমানের খাবার দেওয়া হতো শিশুদের।আর সেই খবর সংবাদমাধ্যমে সম্প্রচারিত হতেই নড়েচড়ে বসলো মহাকুমা প্রশাসন।সঞ্জীব শিশু শিক্ষা কেন্দ্রের মুখ্য সহায়িকাকে শোকজ করা হল।মহকুমা প্রশাসনের নির্দেশে মঙ্গলবার সংশ্লিষ্ট এলাকার ব্লক প্রশাসনের একটি প্রতিনিধি দল সরজমিনে খতিয়ে দেখতে যান। তারপরই এই পদক্ষেপ করা হয়েছে।

চাঁচল মহকুমার মহাকুমা শাসক সৌভিক মুখোপাধ্যায় বলেন,মিড ডে মিলে নিম্নমানের খাদ্য সামগ্রী দেওয়ার অভিযোগ জানিয়েছিলেন গ্রামবাসী। তদন্ত করার পরেই মুখ্য সহায়িকাকে শোকজ করা হয়েছে।

১-ম পাতার পর

# জ্যোতিপ্রিয় মল্লিকের হিসাবরক্ষককে তলব করল ইডি

করে রাখা হয়েছে বলে সূত্রের খবর।
আজ দুপুরে সিজিও কমপ্লেক্সে আসেন জ্যোতিপ্রিয় মল্লিকের হিসাবরক্ষক। তবে এটাই প্রথম নয়। আগেও দু'বার সিজিও কমপ্লেক্সে এসেছিলেন জয়শঙ্কর গুপ্তা। এই নিয়ে তৃতীয়বার বালুর হিসাবরক্ষক এলেন ইডি দফতরে। তবে এবার নতুন অনেক প্রশ্ন শুনতে হয়েছে তাঁকে। রেশন দুর্নীতির তদন্তে নেমে যে তথ্য ইডির হাতে এসেছে সেটার উপর ভিত্তি করে প্রশ্ন করা হয় জ্যোতিপ্রিয়র হিসাবরক্ষককে। তাছাড়া কয়েকটি নথিও তাঁকে দেখানো হয়েছে বলে সূত্রের খবর। এদিন আবার বেশ কিছু নতুন বিষয়ে তাঁকে প্রশ্ন করা হয় বলে জানা যাচ্ছে।
এদিকে ইডি সূত্রে খবর, ধৃত মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের মেয়ে, স্ত্রী এবং প্রাক্তন আপ্ত সহায়কের নানা সংস্থার হিসাব রাখতেন জয়শঙ্কর গুপ্তা। তাই তাঁকে তলব করে এই সম্পত্তি সংক্রান্ত তথ্য জানতে চেয়েছেন অফিসাররা। আসলে রেশন দুর্নীতির সঙ্গে সম্পত্তি বৃদ্ধির বিষয়টি কতখানি সম্পর্কিত সেটা যাচাই করেন তদন্তকারীরা। কারণ জ্যোতিপ্রিয় মল্লিকের নামে খুব বেশি কিছু মেলেনি। যা মিলেছে স্ত্রী, কন্যা, আপ্ত সহায়কের নামে। তাই যিনি হিসাব রাখতেন তিনি বিষয়টি ভাল বলতে পারবেন বলে মনে করেন তদন্তকারীরা। তাই তাঁকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে এবং বয়ান রেকর্ডও হয়েছে।

১-ম পাতার পর

# মমতাকে ফোন করেছিলেন স্বয়ং রাহুল! বৈঠক নিয়ে মিটল জটিলতা

''গত পরশু দিন (সোমবার) রাহুলজি আমায় ফোন করেছিলেন। আমি তাঁকে বললাম, আমাকে তো বৈঠকের বিষয়ে কেউ কিছু বলেননি আগে থেকে। আমি কিছু জানতামই না। যেহেতু আগে থেকে বিষয়টি জানতাম না তাই আমার বিভিন্ন সূচি আগে থেকেই নির্ধারিত করা ছিল।''এরপরে মমতা বলেন, ''অন্যান্য রাজ্যের মুখ্যমন্ত্রীরাও ব্যস্ত থাকেন। কোনও বৈঠকের বিষয়ে সাত থেকে দশ দিন আগে না জানালে তাঁদের জন্যও বৈঠকে হাজির হওয়াটা সমস্যাজনক হয়ে যায়। তবে যেদিন দিন নির্ধারিত করা হবে আমরা সেই দিন দেখা করব।'' অর্থাৎ, ইন্ডিয়া জোটের বৈঠক ডাকা হলে তিনি উপস্থিত থাকতে পারেন, সেই ইঙ্গিত দেন তৃণমূলনেত্রী।
বুধবার কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গে নয়াদিল্লির বাড়িতে 'ইন্ডিয়া' জোটের গুরুত্বপূর্ণ নেতাদের নিয়ে বৈঠক ডেকেছিল কংগ্রেস। কিন্তু, মমতা, নীতীশ, এম কে স্ট্যালিন, অখিলেশ যাদব সহ দেশের একাধিক দলের নেতামন্ত্রী জানিয়ে দিয়েছিলেন, তাঁদের অন্য কর্মসূচি থাকায় এই বৈঠকে যোগ দিতে তাঁরা অপারগ। একসঙ্গে এতগুলি দলের বৈঠকে যোগ না দেওয়ায় অবশেষে তা পিছিয়ে দিতে বাধ্য হয় কংগ্রেস। শুরু হয় 'ইন্ডিয়া'র ভবিষ্যত নিয়ে তুমুল জল্পনা।

১-ম পাতার পর

# ৩ রাজ্যের ভোটের পরই ইস্তফা বিজেপির ১০ সাংসদের

ছেড়েছেন। আগামী দিনে মন্ত্রিসভার সদস্যপদও ছাড়বেন বলে জানিয়েছেন। সেক্ষেত্রে লোকসভা ভোটের আগে ফের কেন্দ্রীয় মন্ত্রিসভাতেও রদবদল হতে পারে। ১২ জন জয়ী বিধায়কের মধ্যে রাজস্থানের বাবা বালক নাথ এবং ছত্তিশগড়ের রেণুকা সিং এদিন লোকসভায় আসেননি। তবে আগামী দিনে তাঁরাও ইস্তফা দেবেন বলে খবর।









## বিকশিত ভারত সংকল্প যাত্রায় মহিলা সুবিধাভোগীরা

# তাঁদের নিজের মুখে জীবনে পরিবর্তনের কাহিনী শুনিয়েছেন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কেন্দ্রীয় সরকার মিশন পোষণ, প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা এবং প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার মতো বিভিন্ন ফ্ল্যাগশিপ কর্মসূচির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়নের জন্য সচেষ্ট হয়েছে। এইসব কর্মসূচির মাধ্যমে দেশ জুড়ে মহিলাদের সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিত করা হচ্ছে। ১৫ নভেম্বর জনজাতীয় গৌরব দিবসে ঝাড়খণ্ডের খুঁটিতে প্রধানমন্ত্রী বিকশিত ভারত সংকল্প যাত্রা কর্মসূচির সূচনা করেন। বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের সুবিধা যাতে মহিলা সহ প্রত্যেক মানুষের কাছে পৌঁছয়, তা নিশ্চিত করাই এই কর্মসূচির মূল উদ্দেশ্য। এই কর্মসূচির আওতায় স্থানীয় ভাষায় প্রচারের জন্য আইইসি ভ্যান বিভিন্ন অঞ্চলে সফর করছে। এর ফলে, মহিলাদের মর্যাদা রক্ষা, আস্থা অর্জন এবং সার্বিক কল্যাণের জন্য সরকারের অঙ্গীকার প্রতিফলিত হচ্ছে। এই কর্মসূচির আওতায় বিভিন্ন স্থানে যোগ্য সুবিধাভোগীরা নানা প্রকল্পে তাঁদের নাম নথিভুক্তিকরণের সুযোগ পাচ্ছেন। সরকার এই কর্মসূচির আওতায় 'স্বাস্থ্য বালক স্পর্ধা'র আয়োজন করেছে। এখানে স্বাস্থ্যবান শিশুদের পুরস্কৃত করা হচ্ছে। এর ফলে, বিভিন্ন সম্প্রদায় যাতে শিশুদের পুষ্টির দিকটিকে অগ্রাধিকার দেয়, তা নিশ্চিত করা হচ্ছে। এই কর্মসূচির আওতায় 'মেরি কাহানী মেরি জুবানি' (আমার মুখে আমার কথা)-র আয়োজন করা হয়েছে। এখানে মহিলা সুবিধাভোগীরা বিভিন্ন সরকারি প্রকল্পের মাধ্যমে তাঁদের জীবনে যে পরিবর্তনগুলি এসেছে, তা সকলের সঙ্গে ভাগ করে নিয়েছেন। এরকম কয়েকটি ঘটনা: অরুণাচল প্রদেশের জোবরাং এবং রিংইয়াং গ্রাম পঞ্চায়েতে এই কর্মসূচির আওতায় পোষণ অভিযানের আওতায় কর্মা দাচিন জানান, অঙ্গনওয়াড়ি কর্মীরা প্রতি মাসে তাঁদের কাছে আসেন এবং শিশুদের মাতৃদুগ্ধ পানের উপযোগিতার কথা প্রচার করেন। এছাড়াও, শিশুদের বিকাশ কতটা হ'ল - তা পরিমাপ করা হয়। পাশাপাশি রেশনেরও ব্যবস্থা করা হয়। পাঞ্জাবের পাঠানকোটে কোট ভাট্টিয়ান গ্রামের শ্রীমতী ইন্দু প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনার এক সুবিধাভোগী। তিনি জানান, সন্তান গর্ভধারণের পর তিনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর্থিক সহায়তা পেয়েছেন। এর জন্য তিনি কৃতজ্ঞ। মহারাষ্ট্রের ধারাশিব জেলার আম্বে জাভালগে গ্রামের রেশমা সাভলে আরেকজন প্রধানমন্ত্র মাতৃ বন্দনা যোজনার সুবিধাভোগী। এই প্রকল্পের ফলে, তিনি কিভাবে পুষ্টিকর খাবার পেয়েছেন, সেকথাই জানান শ্রীমতী সাভলে। কর্ণাটকের হাভেরি জেলার দাম্বার মাতর গ্রামের শ্রীমতী নিবেদিতা কেবি জানান, প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনার ফলে তাঁর শিশুরা অঙ্গনওয়াড়ি কেন্দ্র থেকে পুষ্টিকর খাবার পেয়েছে। তারা প্রত্যেকেই স্বাস্থ্যবান। রাজ্যের চাকনাহাল্লি গ্রামের শ্রীমতী সঙ্গীতা জানান, এই প্রকল্পের আওতায় প্রথম সন্তানের জন্ম দেওয়ার সময় তিনি ৫ হাজার টাকা পেয়েছেন। এছাড়াও, আশা দিদিরা তাঁকে প্রতি মাসে পুষ্টিকর খাবার দিয়েছেন এবং স্বাস্থ্য কেন্দ্রে যাতে তাঁর সন্তান প্রসব হয়, সে বিষয়েও সহায়তা করেছেন।
বিকশিত ভারত সংকল্প যাত্রায় এই ধরনের মহিলা-কেন্দ্রিক কল্যাণ প্রকল্পগুলি সম্পর্কে নানা তথ্য সাধারণ মানুষের কাছে উঠে আসছে। এর মাধ্যমে নারী শক্তির ক্ষমতায়নে সরকারের অঙ্গীকার প্রতিফলিত হচ্ছে। এ বিষয়ে আরও সুবিধাভোগীদের বক্তব্য জানার জন্য এই লিঙ্কটিতে ক্লিক করুন - https://pib.gov.in/PressNoteDetails.aspx?NoteId=151714&ModuleId=3

## ৬০ বিধায়কের বিরুদ্ধে অভিযোগের পাল্টা

# বিজেপির 'চোর শ্লোগান', তুমুল আক্রমণ তাপসের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বিরুদ্ধে 'আপত্তিজনক' শ্লোগান দেওয়ার অভিযোগ। গত মঙ্গলবারই তৃণমূল কংগ্রেসের ৬০ জন বিধায়কের বিরুদ্ধে হেয়ার স্ট্রিট থানায় অভিযোগ দায়ের করেছেন বিজেপির দুই বিধায়ক। বুধবার বিধানসভার অধিবেশনেও উঠল এই প্রসঙ্গ।কয়েকদিন আগে বিধানসভা চত্বরে বি আর আম্বেদকর মূর্তির পাদদেশে তৃণমূল বিধায়করা যখন জাতীয় সঙ্গীত পরিবেশন করছিলেন, তখন বিজেপি বিধায়কেরা জাতীয় সঙ্গীত অবমাননা করেছেন বলে বিধানসভার স্পিকারের কাছে নালিশ জানায় শাসক শিবির। এরপর নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে কয়েকজন বিজেপি বিধায়কের বিরুদ্ধে পুলিশে অভিযোগ দায়ের করা হয়। লালবাজারের তরফে জিজ্ঞাসাবাদের জন্য বেশ কয়েকজন বিজেপি বিধায়ককে তলবও করা হয়। এই ঘটনার পরিপ্রেক্ষিতে বিজেপি বিধায়করা কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন। তারপর পাল্টা বিজেপির দুই বিধায়ক তৃণমূল কংগ্রেসের ৬০ জন বিধায়কের বিরুদ্ধে গত মঙ্গলবার থানায় অভিযোগ দায়ের করেন। এদিন তাপস রায় বলেন, ''জাতীয় সঙ্গীত ইস্যুতে আদালত আপাতত স্থগিতাদেশ দিয়েছে। দেখা যাক সেটা কী হয়। কোনও অনুষ্ঠানে জাতীয় সঙ্গীত হবে কি না তাহলে সেটা আদালত ঠিক করে দিক।''এদিন ঘটনার তীব্র নিন্দা করে তৃণমূল বিধায়ক তাপস রায়ের কটাক্ষ, ''আচ্ছা ষাট জন কেন? ওদের উচিত ছিল সকলের নামে করার। আর এই লড়াই ষাট জনের নয়। আমাদের সকলের লড়াই। ওরা যা যা করছে তা সর্বজনবিদিত।''
গত বুধবার বিধানসভা চত্বরে আম্বেদকর মূর্তির পাদদেশ থেকে তৃণমূলের বিধায়করা আপত্তিকর শ্লোগান' দেওয়ায় মোদি -শাহর অবমাননা হয়েছে বলে নিজেদের অভিযোগে জানিয়েছেন দুই বিজেপি বিধায়ক মালতি রাভা রায় ও শিখা চট্টোপাধ্যায়। অবিলম্বে ৬০ তৃণমূল বিধায়কের নাম উল্লেখ করে তাঁদের বিরুদ্ধে ঋওজ দায়ের করার আবেদন জানানো হয়েছে দুই পদ্ম বিধায়কের তরফে। মঙ্গলবার রাতে নিজের সোশ্যাল মিডিয়ায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দুই বিজেপি বিধায়কের অভিযোগ পত্র সহ সেই ভিডিও ক্লিপিংস জনসমক্ষে আনেন।এদিন সেই প্রসঙ্গ টেনে তাপস বলেন, ''ওরা কেস করলে, কেন ষাট জনের বিরুদ্ধে করবে? আমাদের দল ঐক্যবদ্ধ। চোর রাজনৈতিক দলের শ্লোগান নয়। ওরা এই সবের জন্য দিচ্ছে। ওরা বিধানসভাকে বা রুল অফ লকে মান্যতা দিয়ে এগোচ্ছে না। সস্তায় বাজিমাত করতে চাইছে। খবরে আর ছবিতে রাখার রাস্তা করছে এই ভাবে। এফআইআর হোক, বা আদালত ও পুলিশে যাওয়া! আগে কোনও দল এতবার আদালত নির্ভরশীল হয়নি।''


চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে, সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

২ বর্ষ ৩৩১ সংখ্যা ০৭ ডিসেম্বর, ২০২৩ বৃহস্পতিবার ২০ অগ্রহায়ণ, ১৪৩০

## সম্পাদকীয়

# স্কুলের শিক্ষিকাদের ছুটি নিয়ে বড় সুবিধা প্রদানের পদক্ষেপ রাজ্যের

লোকসভা নির্বাচনের আগে রাজ্যের সরকারি ও সরকার পোষিত স্কুল শিক্ষিকাদের ছুটি সংক্রান্ত বিষয়ে বড় পদক্ষেপ করতে চলেছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার ।রাজ্যের শিক্ষামহলের একাংশের দাবি, রাজ্য সরকার যদি রাজ্যের সরকারি ও সরকার পোষিত স্কুলগুলির শিক্ষিকাদের ছুটির ক্ষেত্রে বর্তমান নিয়মের বদল ঘটায় তাহলে কয়েক হাজার শিক্ষিকা উপকৃত হবেন। কেননা তাঁদের সন্তানের কাছে তাঁরাই মা। সন্তানের প্রয়োজন মোতাবেক গুরুত্বপূর্ণ সময়ে তিনি তার পাশে থাকতে পারবেন। কিন্তু কেন শুধুমাত্র এই সুযোগ পাবেন শিক্ষিকারা, তা নিয়ে উঠছে প্রশ্ন। অনেক ক্ষেত্রে দেখা যায় স্বামী এবং স্ত্রী দুই জনেই শিক্ষকতা করেন। সেক্ষেত্রে যাতে দুইজনেই এই সুবিধা না নেন সেই কথা মাথায় রেখে শুধুমাত্র শিক্ষিকাদের ক্ষেত্রে এই ছুটির কথা বলা হচ্ছে। যদিও পুরো বিষয়টি একেবারে প্রাথমিক পর্যায়ে রয়েছে। একই সঙ্গে Child Care Leave নিয়েও প্রশ্ন উঠছে বিস্তর। এক্ষেত্রে ১৫ দিন ছুটি নেওয়া সম্ভব। কিন্তু, অনেক সময় দেখা যায় মাত্র ৪ থেকে ৫ দিন বা ১০ দিনেই প্রয়োজন শেষ হয়ে যাচ্ছে। তা সত্ত্বেও অতিরিক্ত ছুটি নিয়ে অনেকে ঘুরতে চলে যাচ্ছেন। এতদিন পর্যন্ত নিয়ম মোতাবেক রাজ্যের সরকারি ও সরকার পোষিত স্কুলগুলির শিক্ষিকারা পরীক্ষা চলার সময় কোনও ছুটি(Leave) নিতে পারতেন না। সূত্রের খবর, এবার এই নিয়মটিই শিথিল করা হতে পারে। যদি কোনও শিক্ষিকার সন্তান মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরীক্ষা দেয় সেক্ষেত্রে তিনি ওই সময় ছুটির জন্য আবেদন করতে পারবেন। এতদিন পর্যন্ত সন্তান অসুস্থ হলে সেই ছুটির জন্য আবেদন করতে পারতেন শিক্ষিকারা। যদিও এক্ষেত্রে প্রশ্ন থাকছে, শিক্ষিকারা মা হওয়ার সুবাদে এই সুবিধা পেলে শিক্ষকরা কেন পাবেন না? সন্তানের কাছে তিনিও তো সমান ভাবে গুরুত্বপূর্ণ!

## দৈনিক কাগজের সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার

# খুন হতে পারে আশঙ্কা প্রকাশ পরিবারের

(দশম পর্ব)



সরকারি প্রকল্পের মাধ্যমে। এই দুর্নীতি সামনে আসতে হতবঙ্গ পুলিশ প্রশাস। সেই কারণেই অনেকে বলছে

যত দিন যাচ্ছে ততই যেন এক একটা করে দুর্নীতির মোর নিচ্ছে, এতদিন শোনা যেত গ্রামবাংলায় জোরপূর্বক বিরোধীদলের কর্মীদের জমি কেড়ে নেয়া হতো। এখন ঠিক তার উল্টো পুরাণ চলছে এর থেকে বাদ পড়েনি সংবাদ মাধ্যমে জড়িয়ে থাকা তিন তিনটি দৈনিক সংবাদপত্রের সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের পরিবারও। লোকাল প্রশাসন যতই ধামাচাকা দেওয়ার চেষ্টা করুক না কেন, পুলিশের কাছে স্পষ্ট হয়েছে মৃত্যুঞ্জয় সরদার পরিবারের জমি জায়গাগুলো জোরপূর্বক কেড়ে নেওয়ার পরিকল্পনা অব্যাহত। জমি

পরিকল্পনা অব্যাহত রয়েছে, তা বিভিন্ন সূত্র মারফতে জানা যায়।

সম্পাদক পরিবারের যে জমিগুলো কেড়ে নিতে চাইছে সেগুলো সরকারি প্রকল্প নিজে গৃহ ,নিজে ভূমি দেখিয়েছে জনগণের নামে সরকারিভাবে। আর সেই সব টাকাগুলো দুর্নীতি হয়েছে তেমনি জানা যাচ্ছে বিভিন্ন মারফতে। প্রায় সরকারি তিন কোটি টাকা দুর্নীতি কবলে পড়েছে স্থানীয় রাজনৈতিক নেতারা, সরদার পরিবারের জমি দেখিয়ে

ক্রমশঃ

## বাঙালি ধর্ম ও সমাজ সংস্কারক মহাপ্রভু চৈতন্যদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তিনি বলেছেন, তিরোধানের খবর পেয়ে রাজা অত্যন্ত ক্রুদ্ধ হলেন, 'রাজন ক্রোধ কে কহিব'। চৈতন্যতিরোধানের পিছনে কোনও অপরাধমূলক চক্রান্ত না থাকলে রাজা ক্রুদ্ধ হলেন কেন? সব কিছু স্বাভাবিক থাকলে রাজাকে গোপন করা হল কেন? ঈশ্বরদাসের বিবরণীতে স্পষ্ট আভাস মেলে, রুদ্ধদ্বার মন্দিরমধ্যে চক্রান্তকারীরা সক্রিয় হয়ে ওঠে এবং তাদেরই কেউ কেউ যখন জগন্নাথঅঙ্গে চৈতন্যের বিলীন ক্রমশঃ

· সতর্কীকরণ ·

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## আমি আদিবাসীদের সঙ্গেও

# নাচের তালে পা মেলাই', গিরিরাজকে তাচ্ছিল্য মমতার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মঙ্গল সন্ধ্যায় কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে বসেছিল ২৯তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান। সেখানেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে হাজির ছিলেন সলমন খান, সোনাক্ষী সিনহা, অনিল কাপুররা।তবে রাজ্যের দুই মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ও শশী পাঁজা গেরুয়া শিবিরকে ছেড়ে কথা বলেননি। চন্দ্রিমা জানান, 'এই ধরনের অপমানজনক কথার জবাব দিতে আমাদের রুচিতে বাধে। যে কথা কেন্দ্রীয় মন্ত্রী বলেছেন আমরা তার তীব্র প্রতিবাদ করছি।' আবার শশী জানান, 'এটা বিজেপির নারী বিদ্বেষের আর একটি নমুনা। এটা ২০২১ এ দেখেছিলাম। ওনাদের নেতা এরাজ্যে ভোটের প্রচারে এসে যেভাবে 'দিদি ও দিদি' বলে মাননীয় মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করেছিলেন, বাংলার মানুষ তার যোগ্য জবাব দিয়েছিলেন। 'তাঁরা সকলেই গানের তালে তালে নেচেছিলেন। সেই নাচ নিয়ে মুখ্যমন্ত্রীকে কুরুচিকর আক্রমণ শানেন কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী গিরিরাজ সিং। আক্রমণ শানিয়েছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও। সেই আক্রমণের সরাসরি কোনও জবাব এদিন না দিলেও উত্তরবঙ্গের বাগডোগরা বিমানবন্দরে দাঁড়িয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে গেরুয়া শিবিরের আক্রমণের বদলে কার্যত তাচ্ছিল্যই ফিরিয়ে দিয়েছেন মমতা।

কী বলেছিলেন গিরিরাজ ও শুভেন্দু? কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী বলেছিলেন, 'গোটা বাংলা দুর্নীতিতে জড়িত। গরিব মানুষ তাঁদের অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। অথচ মুখ্যমন্ত্রী সলমনের সঙ্গে নাচছেন।' শুভেন্দু ট্যুট করে বলেছিলেন, 'রোম যখন জ্বলছিল তখন নিরো বাঁশি বাজাচ্ছিল'। এরই জবাবে এদিন মুখ্যমন্ত্রী সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, 'আমি আদিবাসীদের সঙ্গেও নাচের তালে পা মেলাই। ওদের উৎসাহিত করতেই পা মেলাই।' মমতা এর বেশি কিছু বলেননি।

## প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা

# বাধ্যতামূলক নয়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা (পিএমএফবিওয়াই) রাজ্যের পাশাপাশি কৃষকদের জন্য বাধ্যতামূলক নয়। রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলি তাদের ঝুঁকি বুঝে এবং আর্থিক অবস্থা বিবেচনা করে স্বেচ্ছায় এই প্রকল্পের সুবিধা গ্রহণ করতে পারে। এমনকি সংশ্লিষ্ট রাজ্য সরকার/কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসনের বিজ্ঞপ্তির ভিত্তিতে কৃষকরা ঝুঁকি বিবেচনা করে স্বেচ্ছায় তাদের ফসলের বীমা করাতে পারেন। ২০১৬-১৭ সালে এই প্রকল্প চালু হওয়ার পর থেকে ২৭টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল এক বা একাধিক মরশুমে এই প্রকল্প লাগু করেছে। বর্তমানে অন্ধ্রপ্রদেশ, আসাম, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, ছত্তিশগড়, গোয়া, হরিয়ানা, হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর, কর্ণাটক, কেরালা, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, মণিপুর, মেঘালয়, ওড়িশা, পুদুচেরি, রাজস্থান, সিকিম, ত্রিপুরা, তামিলনাড়ু, উত্তরপ্রদেশ এবং উত্তরাখণ্ডে এই প্রকল্প চালু রয়েছে। সরকার সুবিধাভোগীদের মধ্যে এই প্রকল্পের বিষয়ে যথেষ্ট সচেতনতা তৈরিতে বেশ কিছু পদক্ষেপ নিয়েছে, যাতে তাঁরা স্বেচ্ছায় এই প্রকল্পে নিজেদের নাম নথিভুক্ত করতে পারেন। এমনকি পিএমএফবিওয়াই-এর বিষয়ে সচেতনতার প্রসারে পর্যাপ্ত তহবিলের উপস্থিতি নিশ্চিত করতে সরকার যথাযথ ব্যবস্থা নিয়েছে। ২০১৮ সালের ১ অক্টোবর থেকে পিএমএফবিওয়াই-এর জন্য সংশোধিত নির্দেশিকা কার্যকর হয়েছে। কেন্দ্রীয় সরকার রাজ্যগুলির সচেতনতামূলক কাজ পরিচালনায় সাহায্য করেছে। ২০২১ সালের খরিফ মরশুম থেকে সচেতনতামূলক প্রচারাভিযানের অঙ্গ হিসেবে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক 'ফসল বীমা সপ্তাহ' শুরু করেছে। এর মূল লক্ষ্যই হল এই প্রকল্পের সুবিধা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, যাতে আরও বেশি সংখ্যক কৃষক এই প্রকল্পে ফসল বীমার সুবিধার জন্য নাম নথিভুক্ত করতে পারেন। এর পাশাপাশি কৃষকদের এই প্রকল্পের বিষয়ে অবহিত করতে গ্রাম পঞ্চায়েত স্তরে 'ফসল বীমা পাঠশালা'-র আয়োজন করা হয়েছে। প্রথমসারির জাতীয় এবং স্থানীয় সংবাদপত্রে বিজ্ঞাপনের মাধ্যমে এই প্রকল্পের সুবিধা এবং গুরুত্বপূর্ণ দিক সম্পর্কে প্রচারও করা হয়েছে। সরকার কৃষকদের শস্য বীমার নথি দোরগোড়ায় পৌঁছে দিতে দেশব্যাপী 'মেরি পলিসি মেরে হাত' শীর্ষক প্রচারাভিযানের আয়োজন করেছে। এই প্রচারাভিযানের ফলস্বরূপ ২০২২-এর খরিফ মরশুমের তুলনায় ২০২৩-এর নভেম্বর পর্যন্ত খরিফ মরশুমে এই প্রকল্পে কৃষকদের আবেদনের সংখ্যা ২৮.৯ শতাংশ এবং বীমার আওতাভুক্ত এলাকা ২৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। লোকসভায় আজ লিখিত উত্তরে এই তথ্য দিয়েছেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শ্রী নরেন্দ্র সিং তোমর।

# করোনা ভ্যাকসিন দেওয়ার নাম করে একাধিক পুরুষের নির্বীজকরণ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোভিড ভ্যাকসিন দেওয়ার নাম করে নির্বীজকরণের অভিযোগ। সরকারি পরিষেবা দেওয়ার নাম করে এর আগে একাধিক প্রতারণার অভিযোগ সামনে এসেছে। কিন্তু এই অভিযোগে বঙ্গ স্বাস্থ্যের যে ছবি সামনে আসছে, তা রীতিমতো শিউরে ওঠার মতো। এত পরিযায়ী শ্রমিককে না জানিয়ে নির্বীজকরণের অভিযোগ উঠছে শান্তিপুর থানার চাঁদরা এলাকার রায়পাড়ায়।

এবিষয়ে আবার নদিয়ার মুখ্য স্বাস্থ্য আধিকারিক বলেন, "আমাদের এখানে তো ভ্যাসেকটমির কেস খুব একটা পাওয়া যাচ্ছে না। তাই তার সঙ্গে আমরা টিউবেকটমি করছি। যাতে আমাদের পারফরম্যান্সটা ভাল থাকে। গ্রামীণ হাসপাতাল, স্টেট জেনারেল হাসপাতালে একটি ন্যূনতম লক্ষ্যমাত্রা বেঁধে দেওয়া হয়েছে।" তাহলে প্রশ্ন, এই লক্ষ্যপূরণ করতে গিয়েই কি এভাবে ধরে ধরে ওনির্বীজকরণের প্রক্রিয়্ শুরু হয়েছে।

স্বাস্থ্যভবনের নিয়ম অনুসারে, নির্বীজকরণের বিষয়টি একেবারেই সংশ্লিষ্ট ব্যক্তির নিজের সিদ্ধান্তের ওপরেই নির্ভর করছে। দ্বিতীয় সন্তান হয়ে যাওয়ার পর সেই ব্যক্তির কাউন্সিলিং করানো হবে। তারপর যদি তাঁর কোনও মত থাকে, তাও শোনা হবে। শান্তিপুরের ঘটনার ক্ষেত্রে অনেক অসঙ্গতি রয়েছে। সর্বোপরি সি এম ও এইচ এর বক্তব্য নিয়েই প্রশ্ন উঠছে। তাঁর বক্তব্য, তিনি একটা টার্গেট সেট করেছেন। কিন্তু স্বাস্থ্যভবন সূত্রের দাবি, এরকম কোনও টার্গেট দেওয়াই হয়নি।জানা যাচ্ছে, বছর পঞ্চান্নর বাসিন্দা মাধব দেবনাথ মুম্বইতে কাজ করেন। কালীপুজোর সময়ে তিনি বাড়িতে এসেছিলেন। তারপর আশাকর্মীরা তাঁকে কোভিডের টিকা দেওয়ার নাম করে নিয়ে যান। তাঁর অভিযোগ, আশাকর্মীদের খপ্পরে পড়ে এন এস বি অপারেশন হয়ে যায় তাঁর। তাঁর বক্তব্য, প্রথমে একটি ইঞ্জেকশন দেওয়া হয়। তারপর তিনি অচৈতন্য হয়ে পড়েন। তারপরই অস্ত্রোপচার হয় বলে তাঁর অভিযোগ।

তাঁর কথায়, "কোভিডের টিকা দেওয়ার নাম করে নিয়ে গেল। ওখানে আমাকে একটা ইঞ্জেকশনও দিল। মিনিট তিনেক পরে চোখে আর কিছু দেখছি না। তারপর যখন জ্ঞান ফেরে দেখি রাস্তার ধারে পড়ে রয়েছি। কেউ আমাকে বাড়িতে পৌঁছে দেয়।"আরও একটি বিষয়। মাধবের স্ত্রীর নির্বীজকরণ আগেই করানো হয়েছিল। তাহলে আর মাধবের নির্বীজকরণের কী প্রয়োজন ছিল? মাধবের স্ত্রী নিজেই বললেন, "একটা ভ্যাক্সিন নাকি বাকি রয়েছে, সেটা নিতে হবে। এটা বলেই নিয়ে গিয়েছিল। আমারই তো অপারেশন হয়ে গিয়েছিল। তাহলে ওর করানোর কী প্রয়োজন?"

ইতিমধ্যেই মাধবের পরিবার শান্তিপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। তবে একা মাধব নয়। এ তো গেল কেস নম্বর এক! এই একই ভয়ঙ্কর অভিজ্ঞতার শিকার হয়েছেন খোকন দেবনাথ। বয়স ৬২ বছর। তিনিও শান্তিপুর থানায় মঙ্গলবার থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। নিঃসন্তান। তিনি আবার মানসিকভাবে ভারসাম্যহীনও। লোকের বাড়িতে কিংবা কোনও অনুষ্ঠান বাড়িতে টুকটাক কাজ করে দু'মুঠো অন্নের সংস্থান করেন। তাঁর চল্লিশ বছরের বিবাহিত জীবনে কোনও সন্তান হয়নি। এই ব্যক্তিকেও নির্বীজকরণ করা হয়েছে অভিযোগ পরিবারের। তাঁর দিদি শান্তিপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।কেস স্টাডি আরও রয়েছে। তাঁদেরও একই ধরনের অভিযোগ। বিষয়টি নিয়ে মারাত্মক শোরগোল পড়ে গিয়েছে এলাকায়। এর কারণ হিসাবে উঠে আসছে একাধিক তথ্য। গ্রামবাসীদেরই একাংশের অভিযোগ, স্বাস্থ্য দফতরের তরফ থেকে লক্ষ্যপূরণের জন্য চাপ দেওয়া হচ্ছে। অভিযোগ, তাহলে কি এই লক্ষ্যপূরণের জন্যই কোভিডের নাম করে এসব হচ্ছে। তা না হলে এক জন ৬২ বছরের বৃদ্ধের নির্বীজকরণের কতটা প্রয়োজন রয়েছে, তা নিয়েই প্রশ্ন উঠছে।

যাঁর বিরুদ্ধে অভিযোগ, সেই আশাকর্মী কী বলছেন? তাঁর বক্তব্য, "ওরা সব মিথ্যা কথা বলছে। আমার স্যর, ম্যাডামরাই সব বলবেন। ওঁদের ওখানে যান, ওঁরাই পরিষ্কার করে বুঝিয়ে দেবেন।"

# সিনেমার খবর

## 'পাঠান'এর রেকর্ড ভেঙে প্রথম দিন কত আয় করল 'অ্যানিমেল'



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ট্রেলার মুক্তির পারই বোঝা গিয়েছিলো বক্স অফিসে ঝড় তুলতে আসছে 'অ্যানিমেল'। মুক্তির প্রথম দিনেই তার প্রমাণ মিললো। রীতিমত ঝড় তুলেছে রণবীর কাপুরের ছবিটি। আয়ের দিক থেকে প্রথমদিনই শাহরুখ খানের 'পাঠান'র রেকর্ড ভেঙেছে 'অ্যানিমেল'। বিশ্বজুড়ে প্রথম দিনে ছবিটি ১১৬ কোটি টাকা সংগ্রহ করেছে।

প্রথম দিন বক্স অফিসে বিশ্বজুড়ে শাহরুখের 'পাঠান' ছবিটি ১০৬ কোটি সংগ্রহ করেছিল। ১০ কোটি বেশি সংগ্রহ করে 'পাঠান'কেও টপকে গেলেন রণবীর। তবে অটুট আছে 'জওয়ান' রেকর্ড। এই ছবিটি বক্স অফিসে প্রথম দিন ১২৫ কোটি টাকা আয় করেছিল বিশ্বজুড়ে।

নির্মাতারা জানিয়েছেন আয়ের তথ্যটি, 'কোনও উৎসব বা ছুটিতে মুক্তি না পাওয়া স্বত্বেও প্রথম দিনে সব থেকে বেশি আয় করা হিন্দি ছবি এটি।'

এদিকে সেল রিপোর্ট বলছে, প্রথম দিনে শুধু ভারতের বাজার থেকেই 'অ্যানিমেল' আয় করেছে ৬১ কোটি টাকা। অর্থাৎ শুধু হিন্দি ভাষা থেকে এই ছবি আয় করেছে সাড়ে ৫০ কোটি টাকা। তেলুগু ভার্সন থেকে এই ছবি আয় করেছে ১০ কোটি টাকার কিছু বেশি। সে দিক থেকে 'অ্যানিম্যাল' শুধু রণবীরের ক্যারিয়ারের সব থেকে বড় মুক্তিই নয়, হিন্দি সিনেমার ইতিহাসেও এই ছবি নজির গড়লো। এর আগে অন্য কোনও ছবি ভারতে এমন 'ওপেনিং ডে' পায়নি। এর আগে 'পাঠান'-এর প্রথম দিনের আয় ছিল ৫৭ কোটি টাকা। তার পর ছিল 'কেজিএফ ২' ৫৩.৯৫ কোটি টাকা। তৃতীয় স্থানে ছিল 'ওয়ার' ৫৩.৩৫ কোটি টাকা, চতুর্থ 'টাইগার ৩' যার আয় ছিল ৪৪.৫০ কোটি টাকা।

সন্দীপ রেড্ডি ভাঙ্গা পরিচালিত 'অ্যানিমেল' ছবিটিতে রণবীর এবং অনিল কাপুরকে পিতা-পুত্রের চরিত্রে দেখা যায়। এছাড়াও অভিনয় করেছেন রাশমিকা মান্দানা, ববি দেওল, শক্তি কাপুর, প্রেম চোপড়া এবং তৃপ্তি দিমরি।

## এলো ডানকির নতুন গান, শাহরুখ জানালেন এটাই তার প্রিয়



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** দীর্ঘ চার বছরের বিরতি ভেঙে চলতি বছরের শুরুতে প্রেক্ষাগৃহে ফিরেন শাহরুখ খান। বলিউড বাদশার রাজকীয় প্রত্যাবর্তন মুগ্ধ করেছে ভক্তদের। 'পাঠান'র পর 'জওয়ান', দুটি সিনেমাই হাজার কোটির বক্স অফিসে নাম লিখিয়েছে। সেই ধারাবাহিকতায় ২২ ডিসেম্বর মুক্তি পাবে শাহরুখের আরেক সিনেমা 'ডানকি'। সিনেমাটি নির্মাণ করেছেন রাজ কুমার হিরানি। যিনি এর আগে বলিউডকে উপহার দিয়েছে 'থ্রি ইডিয়টস', 'পিকে', 'মুন্নাভাই' 'এমবিবিএস'র মতো সিনেমা। এবার আসছে তার 'ডানকি'। এর আগে টিজার প্রকাশের পর 'ডানকি' এর প্রথম গান 'লুট পুট গায়া' প্রকাশ হয়। এবার এলো দ্বিতীয় গান। গানটি শেয়ার করে শাহরুখ খান লিখেছেন, আবেগঘন গানটি এই সিনেমায় তার সবচেয়ে প্রিয় ট্র্যাক। 'নিকলে থে কাভি হাম ঘার সে' শিরোনামের গানটি নিজের শহর ছেড়ে অন্য দেশে স্থায়ী হওয়ার কথা বলে।

'নিকলে থে কাভি হাম ঘার সে' গানটি মাতৃভূমির প্রতি ভালোবাসা এবং স্বদেশে ফিরে যাওয়ার আকাঙ্ক্ষাকে ঘিরে।

এটি চলচ্চিত্রের সারমর্মকে ধারণ করে যা 'ডানকি ফ্লাইট'-এর গল্পের চারপাশে আবর্তিত হয়। 'ডানকি ফ্লাইট' একটি রুট যার মাধ্যমে অবৈধ অভিবাসীরা ভারত ছেড়ে অন্য দেশে চলে যায়, যেমন মার্কিন যুক্তরাষ্ট্র এবং কানাডায়।

ভারতীয়রা, বিশেষ করে পাঞ্জাবিরা প্রায়ই নিজেদের পছন্দের দেশে প্রবেশের জন্য অবৈধ পথ ব্যবহার করেন। 'ডানকি ফ্লাইট' কথাটির জন্মও পাঞ্জাবে।

যার অর্থ এক জায়গা থেকে অন্য জায়গায় ঘুরতে থাকা। 'ডানকি ফ্লাইট' এখন পাঞ্জাব ছাড়িয়ে ভারতের অন্যান্য অঞ্চলেও ছড়িয়ে পড়েছে। তবে অবৈধভাবে অন্য দেশে প্রবেশ করার পর অনেকেই নাকি আর দেশে ফিরতে পারেন না। বেশ কয়েকটি 'ট্রাভেল এজেন্সি' ভিসার ব্যবস্থা করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে বিদেশে যেতে ইচ্ছুকদের কাছ থেকে মোটা টাকা আদায় করে।

## ছেলে-স্বামীর জন্য বলিউড ছাড়ছেন ইলিয়ানা!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** 'বরফি' ছবির মাধ্যমে বলিউডে আত্মপ্রকাশ করেন অভিনেত্রী ইলিয়ানা ডি ক্রুজ। এরপর বহু ছবি করেছেন। অজয় দেবগন, অক্ষয় কুমারের মতো প্রথম সারির তারকা অভিনেতাদের বিপরীতে কাজ করেছেন তিনি। তবে 'রেড' ছবির পর থেকেই বলিউডের সঙ্গে দূরত্ব বজায় রাখতে শুরু করেন অভিনেত্রী। শোনা যাচ্ছে, এবার অভিনয় ছাড়ার সিদ্ধান্ত নিয়েছেন ইলিয়ানা।



গত ০১ আগস্ট পুত্রসন্তানের জন্ম দিয়েছেন অভিনেত্রী। ছেলের নাম রেখেছেন কোয়া ফিনিক্স ডোলান। অন্তঃসত্ত্বা অবস্থায় গর্ভস্থ সন্তানের পিতৃপরিচয় গোপন রেখেছিলেন তিনি। অনেকেই ভেবেছিলেন, সিঙ্গেল মাদার হিসেবে সন্তানকে বড় করবেন। তবে ছেলে হওয়ার পর লুকোচুরি করেননি আর।

অন্তঃসত্ত্বা হওয়ার খবর ঘোষণা করার দুই সপ্তাহ আগেই বিয়ে সারেন অভিনেত্রী। যদিও সবই হয়েছিল চুপিসারে। কোথায় হয়েছে তাদের বিয়ে, কী করেন অভিনেত্রীর স্বামী এসব প্রকাশ্যে আনতে নারাজ ইলিয়ানা। পরে অবশ্য তার স্বামীর নাম মাইকেল ডোলান বলে জানা যায়। অভিনেত্রীর ঘনিষ্ট একটি সূত্রের বরাত দিয়ে আনন্দবাজার এক প্রতিবেদনে জানিয়েছে, বলিউডের পাট চুকিয়ে ছেলে ও স্বামীর সঙ্গে যুক্তরাষ্ট্রে চলে যাচ্ছেন ইলিয়ানা। নিজের পরিবারের সঙ্গেই সময় কাটাতে চাইছেন তিনি। সেই কারণেই এমন সিদ্ধান্ত। যদিও এ বিষয়ে এখন পর্যন্ত অফিসিয়াল ঘোষণা আসেনি।

## আহত আল্লু অর্জুন, বন্ধ 'পুষ্পা ২' এর শুটিং



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শুটিং করতে গিয়ে আহত পুষ্পা অভিনেতা আল্লু অর্জুন। পুষ্পা-২এর শুটিং করতে গিয়েই আহত হয়েছেন তিনি। কোমরে ও কাঁধে চোট লেগেছে আল্লু অর্জুনের। চিকিৎসকরা অভিনেতাকে বেশকিছুদিন বিশ্রামের পরামর্শ দিয়েছেন। সে কারণেই আপাতত স্থগিত রাখা হয়েছে পুষ্পা-২ এর শ্যুটিং। জানা গেছে, ভারী পোশাকে অ্যাকশন দৃশ্যের স্টান্ট করার সময়ই কাঁধে ও কোমরে চোট লাগে আল্লু অর্জুনের। ছবির নির্মাতারা এই তথ্য জানিয়েছেন। তাই আপাতত বেশকিছুদিনের জন্য বন্ধ থাকবে পুষ্পা-২ এর শুটিং। ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে ফের ছবির কাজ শুরু হওয়ার কথা রয়েছে। এই ঘটনার কারণে পুষ্পা-২ এর সামগ্রিক শিডিউলে বেশকিছুটা সমস্যা হবে বলেই খবর। তবে নির্মাতারা আপাতত অভিনেতার স্বাস্থ্যকে অগ্রাধিকার দিয়ে শুটিং বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছেন।

আগামী বছরের ১৫ আগস্ট প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়ার কথা পুষ্পা (২)-দ্য রুল। ছবিটি নিয়ে দর্শকদের মধ্যে তুমুল উন্মাদনা রয়েছে। পুষ্পা অনুরাগীরা ছবির জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন। প্রসঙ্গত পুষ্প ছবিটি বক্স অফিসে ব্লকবাস্টার ছিল। তাই এমন পরিস্থিতিতে আল্লু অর্জুনের পুষ্পা-২ নিয়েও নির্মাতাদের অনেক প্রত্যাশা রয়েছে।

আল্লু অর্জুন ছাড়াও ছবিতে রয়েছেন ফাহাদ ফাসিল, রশ্মিকা মান্দান্না, সুনীল, প্রকাশ রাজ, জগপতি বাবু, অনুসূয়া ভরদ্বাজকে পুষ্প: দ্য রুল-এ গুরুত্বপূর্ণ ভূমিকায় দেখা যাবে। ছবির পরিচালক জানিয়েছেন, পুষ্পার মতোই যাতে পুষ্পা ২ সাফল্য পায়, সেভাবেই ছবির চিত্রনাট্য সাজানো হয়েছে। ছবির ক্লাইম্যাক্সে বড় চমক থাকবে বলেই জানিয়েছেন নির্মাতারা।

## শীর্ষস্থান আরও
# মজবুত করল আর্সেনাল



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** প্রিমিয়ার লিগে গতকাল রাতে উলভসকে হারিয়ে শীর্ষস্থান আরও মজবুত করল আর্সেনাল। উলভসের বিপক্ষে ২-১ গোলের জয় পেয়েছে আর্সেনাল। দলের হয়ে গোল পেয়েছেন বুকায়ো সাকা ও মার্টিন ওডেগার্ড। এই জয়ে ১৪ ম্যাচ শেষে পয়েন্ট ৩৩ নিয়ে টেবিলের শীর্ষে আছে গানাররা।

প্রথম গোল পেতে খুব একটা অপেক্ষা করতে হয়নি আর্সেনালকে। ম্যাচের ষষ্ঠ মিনিটে তাকেহিরো তোমিয়াসুর কাছ থেকে বল পেয়ে বল জালে জড়ান বুকায়ো সাকা। এর ৬ মিনিট পর লিড দিগুণ করেন ওডেগার্ড। আলেক্সান্ডার জিনচেঙ্কোর বাড়ানো বলে বক্সের কিনার থেকে নিচু শটে বল জালে পাঠান গানার অধিনায়ক।

প্রথমার্ধে আর কোনো গোলের দেখা অয়ায়নি কোনো দলই। যদিও ম্যাচে আধিপত্য ছিল গানারিদেরই। তাই ২-০ গোলের লিড নিয়েই বিরতিতে যায় আর্সেনাল।

বিরতিতে থেকে ফিরেও আর গোলের দেখা পায়নি আর্সেনাল। বেশ কিছু ভালো আক্রমণ ছিল তবে ফিনিশিংটা হচ্ছিলো না। উল্টো ৮৬ মিনিটে গোল খেয়ে বসে তারা। ফলে শেষদিকে এসে ম্যাচের উত্তেজনা বাড়ে। তবে ফলাফলে কোনো পরিবর্তন আনতে পারেনি উলভস। তাদের হয়ে একমাত্র গোলটি করেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড ম্যাথিউস কুনিয়া।

## নিউক্যাসলের বিপক্ষে হার,
# ম্যানইউ শিবিরে হতাশা



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** সময়টা মোটেও ভালো যাচ্ছে না ম্যানচেস্টার ইউনাইটেডের। মাঝে জয়ের ধারায় ফিরলেও গতকাল রাতে আবারও হেরেছে তারা। নিউক্যাসলের বিপক্ষে ১-০ গোলের হারতে হয়েছে। এই হারে সাতে নেমে গেছে ইউনাইটেড। ফলে শীর্ষ চারের লড়াইয়ে থাকা নিয়ে কিছুটা হলেও শঙ্কা দেখা দিয়েছে।

ম্যাচের শুরু থেকেই বেশ ভুগেছে ইউনাইটেড। প্রতিপক্ষের মাঠে বল দখলে পিছিয়ে ছিল তারা। এমনকি মোট ৮ টি শট নিলেও লক্ষ্যে রাখতে পেরেছে মাত্র একটি শট। বিপরীতে ৫৮ শতাংশ বল নিজেদের দখলে রেখে লক্ষ্যে ৪টি শট নেয় নিউক্যাসল।

তবে বেশ কিছু সুযোগ নষ্ট করেছে নিউক্যাসল। তা না হলে স্করলাইন অন্যরকম হতে পারতো। শেষ পর্যন্ত আন্তনিও গর্ডনের একমাত্র গোলে তিন পয়েন্ট পেয়েছে ম্যাগপাইরা। এই জয়ে পয়েন্ট টেবিলের ৫ নম্বরে ওঠেছে তারা।

এদিকে, ইউনাইটেডের এমন ব্যর্থতায় বড় দায় আক্রমণভাগের। বিশেষ করে মার্কাস রাশফোর্ড অফফর্মে আছেন। তবে ইউনাইটেড কোচ এরিক টেন হাগ বিশ্বাস করেন দ্রুতই স্বরূপে ফিরেবেন এই ইংলিশ ফরোয়ার্ড।

তিনি বলেন, 'আমি জানি বিষয়টি সামনে আসবে। মার্কাস এটা নিয়ে অনেক কাজ করছে। আমরা ওর পাশে আছি। ও ছন্দে ফিরে আসবে। অনেক পরিশ্রম করছে রাশফোর্ড। আমাদের পক্ষ থেকে সব ধরনের সমর্থন ও পাবে।'

## বিশ্বকাপ ব্যর্থতায় বোর্ডের
# প্রশ্নের মুখে দ্রাবিড়-রোহিত




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বিশ্বকাপে টানা ১০ ম্যাচ জিতেও ফাইনালে এসে হেরে যায় ভারত। অস্ট্রেলিয়ার কাছে ৬ উইকেটে হারতে হয়। সেই ঘটনার প্রায় দুসপ্তাহ পরে ভারতের কোচ রাহুল দ্রাবিড় এবং অধিনায়ক রোহিত শর্মাকে প্রশ্নের মুখে পড়তে হয়েছে ভারতীয় বোর্ডের।

কেন ভারতকে ফাইনালে হারতে হলো, কী কারণ ছিল- সেগুলোই জানতে চাওয়া হয়েছে তাদের থেকে। দু'জনে সেই প্রশ্নের উত্তরও দিয়েছেন। সম্প্রতি অনুষ্ঠিত মিটিংয়ে বোর্ড সচিব জয় শাহ, ভাইস প্রেসিডেন্ট রাজীব শুক্লাসহ আরও কয়েকজন উপস্থিত ছিলেন। রোহিত ছুটি কাটাতে চলে গিয়েছেন লন্ডনে। তিনিও ভিডিও কলের মাধ্যমে মিটিংয়ে যোগ দেন। বোর্ডের প্রশ্নের উত্তরে দ্রাবিড় নরেন্দ্র মোদি স্টেডিয়ামের পিচকে দোষারোপ করেন।

ভারতের কোচ জানান, নরেন্দ্র মোদি স্টেডিয়ামের পিচ যেমন আচরণ করবে ভাবা হয়েছিল, তা করেনি। ভাবা হয়েছিল সেই পিচ আরও ঘুরবে এবং স্পিনারদের সাহায্য করবে। কোনোটাই হয়নি। উল্টে অস্ট্রেলিয়ার বোলাররা সেই পিচে দাপট দেখান। পিচের কারণেই ভারত হেরে যায় সেই ম্যাচ।

ভারতের পরিকল্পনা নিয়েও জিজ্ঞাসা করা হয় বোর্ডের পক্ষে। দ্রাবিড় জানান, একই পরিকল্পনা অনুযায়ী বাকি ম্যাচগুলো খেলেছে ভারত এবং সাফল্য পেয়েছে। কিন্তু আসল দিনেই পরিকল্পনা ঠিকঠাক খাটেনি। উল্টো অস্ট্রেলিয়া পরিকল্পনা অনুযায়ী বল করেছে।

## সহজ জয় রিয়ালের




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ঘরের মাঠের গ্রানাদার বিপক্ষে ২-০ ব্যবধানে জিতেছে রিয়াল মাদ্রিদ। যেখানে গোল পেয়েছেন ব্রাহিম দিয়াজ ও রদ্রিগো। এ জয়ে লা লিগা পয়েন্ট তালিকায় ৩৮ পয়েন্ট নিয়ে শীর্ষস্থান ধরে রেখেছে রিয়াল।

শুরু থেকেই ম্যাচে আধিপত্য বিস্তার করে খেললেও প্রথম গোল পেতে রিয়ালকে খানিকটা ঘাম ঝড়াতে হয়েছে। প্রথম গোলটি আসে ২৬তম মিনিটে। টনি ক্রুসের বাড়ানো বল ধরে সামনে এগিয়ে বল জালে পাঠান দিয়াজ।

এরপর ৪১তম মিনিটে সুযোগ নষ্ট করেন জুড বেলিংহাম। তবে ৫৭তম মিনিটে সেটা পুষিয়ে দেন এই ইংলিশ মিডফিল্ডার। বেলিংহামের শট গ্রানাদা গোলকিপার ঝাঁপিয়ে রুখে দিলে ফাঁকায় পেয়ে যান রদ্রিগো। জোরালো শটে বল জালে জড়াতে ভুল করেননি ব্রাজিলিয়ান এই ফরোয়ার্ড।

উড়ন্ত ফর্মে আছেন রদ্রিগো। টানা তিন ম্যাচে পাঁচটিসহ সর্বশেষ পাঁচ ম্যাচে সাত গোল করেছেন এই ব্রাজিলিয়ান। শুধুই নিজেই গোল করেননি, সতীর্থদের দিয়ে গোল করিয়েছেনও। এই সময়ে ৪টি অ্যাসিস্ট করেছেন তিনি।

## গ্রুপ অব ডেথে
# স্পেন-ইতালির সঙ্গে ক্রোয়েশিয়া




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** জার্মানির হামবুর্গে অনুষ্ঠিত ইউরো ২০২৪-এর ড্র অনুষ্ঠিত হয়েছে। ইউরোর বর্তমান চ্যাম্পিয়ন ইতালি ২০২৪ আসরে মুখোমুখি হবে ইউরোপীয় ফুটবলের দুই বড় শক্তি স্পেন ও ক্রোয়েশিয়ার। ফলে শিরোপা ধরে রাখাটা বেশ কঠিন হবে দলটির জন্য। এই গ্রুপটিকেই 'গ্রুপ অব ডেথ' হিসেবে ভাবা হচ্ছে।

আগামী বছরের জুন-জুলাইয়ে জার্মানিতে বসবে ইউরো ২০২৪ এর আসর। ২৪টি দলকে ভাগ করা হয়েছে মোট ছয়টি গ্রুপে। অর্থাৎ, প্রতিটি গ্রুপে রয়েছে চারটি করে দল। গ্রুপ পর্বে তারা প্রত্যেকে প্রত্যেকের বিরুদ্ধে খেলবে। ড্রতে তুলনামূলক কঠিন গ্রুপ পেয়েছে ফ্রান্সও। তারা পেয়েছে নেদারল্যান্ড ও অস্ট্রিয়াকে। প্লেঅফ থেকে এসে সঙ্গে যোগ দেবে পোল্যান্ড, ওয়েলস, ফিনল্যান্ড বা এস্তোনিয়ার যে কোনো একটি দল।

প্লে-অফ থেকে যে তিনটি দল ইউরোয় জায়গা করে নেবে, তাদের একটি যাবে গ্রুপ 'ই'তে। এই গ্রুপে আছে বেলজিয়াম, স্লোভাকিয়া ও রোমানিয়া। তাদের সঙ্গে যুক্ত হবে প্লে-অফের ইসরায়েল, বসনিয়া অ্যান্ড হার্জেগোভিনা, ইউক্রেন ও আইসল্যান্ডের যেকোনো এক দল।

২০২০ ইউরোর রানার্সআপ ইংল্যান্ড পেয়েছে ডেনমার্ক, স্লোভেনিয়া ও সার্বিয়াকে। তুলনামূলক সহজ গ্রুপে আছে রোনালদোর পর্তুগালও। 'এফ' গ্রুপে পর্তুগিজদের সঙ্গী তুরস্ক ও চেকিয়া। সঙ্গে প্লেঅফ থেকে এসে যোগ দেবে জর্জিয়া, গ্রিস, কাজাখস্তান ও লুক্সেমবার্গের একটি দল। ইউরো ২০২৪'এর গ্রুপিং

গ্রুপ এ: জার্মানি, স্কটল্যান্ড, হাঙ্গেরি, সুইজারল্যান্ড
গ্রুপ বি: স্পেন, ইতালি, ক্রোয়েশিয়া, আলবেনিয়া
গ্রুপ সি: ইংল্যান্ড, ডেনমার্ক, স্লোভেনিয়া, সার্বিয়া
গ্রুপ ডি: ফ্রান্স, নেদারল্যান্ডস, অস্ট্রিয়া, প্লে-অফ এ
গ্রুপ ই: বেলজিয়াম, স্লোভাকিয়া, রোমানিয়া, প্লে-অফ বি
গ্রুপ এফ: পর্তুগাল, তুরস্ক, চেকিয়া, প্লে-অফ সি

# বিশ্বকাপের সম্ভাবনা উড়িয়ে দেননি মেসি



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ২০২৬-এ বয়স হবে উনচল্লিশ। মেসি নিজেই জানিয়েছেন, ওই বয়সে সাধারণত কেউ বিশ্বকাপ খেলেন না। কিন্তু সময় যদি এভাবেই যায়, শরীর যদি এমনই সাড়া দেয়, আর দলও যদি জয়ের জন্য এতটাই ক্ষুধার্ত থাকে, তাহলে পরের বিশ্বকাপেও দেখা যেতে পারে তাঁকে। ক্যারিয়ারের একটা লম্বা সময় বার্সেলোনার লক্ষ্মী ছেলে হয়েই কাটিয়ে দিয়েছেন। আর্জেন্টিনার অনেকেই তাঁকে তখনও স্বদেশি হিসেবে মেনে নিতে পারেননি। মেসি নিজেও হয়তো কিছুটা আড়ষ্ট ছিলেন। কিন্তু বার্সা ছাড়ার পর গত বিশ্বকাপের আগে থেকেই মেসির মধ্যে আর্জেন্টিনার জন্য কিছু করার প্রবল তাড়না লক্ষ্য করা যায়, যার সফল পরিণতি পায় কাতার বিশ্বকাপে শিরোপা জয়ের মধ্য দিয়ে। 'আমি নিজেই ভেবেছিলাম, কাতার বিশ্বকাপের পর হয়তো অবসর নেব। কিন্তু ঠিক তার উল্টোটাই হলো। এখন আমি এই দলটিকে আরও বেশি উপভোগ করি। বছরের পর বছর অনেক ভোগার পর আজ আমরা এমন একটা জায়গায় দাঁড়িয়ে, যেখানে চাইলেই সব কিছু উপভোগ করা যায়। এতটা পরিপূর্ণভাবে আমি জীবনে কখনও কাটাইনি। আর্জেন্টিনার এই দলটির সঙ্গে দারুণ সময় কাটাচ্ছি এটা ভেবে নয়, আগামী দু-তিন বছর পর কী হবে। আমি পরের বিশ্বকাপ নিয়ে ভাবতে চাই না। তবে শতভাগ গ্যারান্টি দিয়ে এটাও বলতে পারি না, পরের বিশ্বকাপে আমি খেলব না। আসলে সময়ই সব কিছু বলে দেবে। এখন আমার যে বয়স, তাতে করে সাধারণত পরের বিশ্বকাপ খেলা কঠিন।'

ইএসপিএন আর্জেন্টিনাকে দেওয়া সাক্ষাৎকারে এভাবেই মনের কথা খুলে বলেছেন মেসি।

যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে ২০২৬ বিশ্বকাপ অনুষ্ঠিত হবে। তাঁর আগে মেসির চোখ পরের বছর কোপা আমেরিকার দিকে। কাতার বিশ্বকাপ জয়ের পর আর্জেন্টিনার সাধারণ জনগণের কাছে মেসি ভীষণ জনপ্রিয়। সে দেশের ক্রীড়া সাংবাদিকরও চান পরের বিশ্বকাপ খেলুক মেসি।

## ওয়েস্ট ইন্ডিজ সফর
# তরুণদের জন্য ভালো সুযোগ: বাটলার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বিশ্বকাপে হতাশাজনক পারফরম্যান্সের এক মাসের কম সময়ের মধ্যে আবার ওয়ানডে অভিযানে নামতে হচ্ছে ইংল্যান্ডকে। অধিনায়ক জস বাটলারের চোখে, ওয়েস্ট ইন্ডিজ সফরটা তাদের জন্য নতুন যুগের সূচনা। তারুণ্য নির্ভর দলকে নেতৃত্ব দেওয়া নিয়ে দারুণ উচ্ছ্বসিত তিনি।

শিরোপা ধরে রাখার লক্ষ্যে ভারতে গিয়ে ১০ দলের মধ্যে শীর্ষ আটে থেকে কোনোমতে ২০২৫ সালের চ্যাম্পিয়ন্স ট্রফিতে জায়গা করে নিতে পারে ইংল্যান্ড। আসরে সাত নম্বর দল হয় বাটলারের নেতৃত্বাধীন দল। ১৫ সদস্যের বিশ্বকাপ দলের মাত্র ৬ জন আছেন ওয়েস্ট ইন্ডিজ সফরের ওয়ানডে দলে। বেশ কয়েক জন সিনিয়র ক্রিকেটারকে দেওয়া হয়েছে বিশ্রাম।

আগামী বিশ্বকাপ সামনে রেখে চার বছরের চক্রে ইংল্যান্ডের যাত্রা শুরু হচ্ছে এই সিরিজ দিয়ে। তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথমটি হবে রোববার অ্যান্টিগায়। আগের দিন সংবাদ সম্মেলনে দল নিয়ে আশার কথা শোনালেন বাটলার।

তিনি জানান, অবশ্যই এটি নতুন শুরু। এই দলে দারুণ প্রতিভাবান কিছু ক্রিকেটার আছে। তরুণ ছেলেদের সুযোগ পেতে এবং পারফর্ম করতে হবে। একটি দলের যাত্রা শুরু করার জন্য ক্যারিবিয়ান চমৎকার জায়গা এবং সবাই মুখিয়ে আছে।

বিশ্বকাপকে নিজেদের একটি 'খারাপ টুর্নামেন্ট' হিসেবে দেখতে চান বাটলার। দলকে আবার সেরা অবস্থানে ফেরাতে বদ্ধপরিকর তিনি।

বাটলার বলেন, (বিশ্বকাপ) আমাদের কেবল একটি খারাপ টুর্নামেন্ট ছিল। দল অনেক দিন ধরে দারুণ অবস্থানে আছে। প্রতিভাবান ছেলেদের নিয়ে গড়া দলের গভীরতা আপনারা দেখতে পাচ্ছেন। আমাদের সাদা বলের ক্রিকেটের পরবর্তী পর্যায়কে একটা কাঠামো দিতে সাহায্য করতে হবে। আর এই লক্ষ্যে আমি দায়িত্বশীল এবং অনুপ্রেরণা অনুভব করছি।

তিনি আরও বলেন, দলে এমন কিছু ছেলে আছে, যারা ওয়ানডে ক্রিকেটের সঙ্গে খুব বেশি পরিচিত নয়। তবে টেস্ট ক্রিকেটে তাদের অনেক অভিজ্ঞতা রয়েছে। তাই আন্তর্জাতিক ক্রিকেটে তারা নতুন নয়। স্কোয়াডে চমৎকার একটা সংমিশ্রণ আছে, ছেলেদের মাঝে নিজেদের মেলে ধরার সত্যিকারের ক্ষুধা আছে।

প্রসঙ্গত, ক্যারিবিয়ান সফরে ওয়ানডে সিরিজের পর পাঁচটি টি-টোয়েন্টিও খেলবে ইংলিশরা।

## অনূর্ধ্ব-১৭: ফ্রান্সকে হারিয়ে
# নতুন বিশ্ব চ্যাম্পিয়ন জার্মানি



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ২০২৩ অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপের ফাইনালে গতকাল ফরাসি কিশোরদের টাইব্রেকারে ৪-৩ গোলে হারিয়ে প্রথমবার ছোটদের বিশ্বকাপ জিতল জার্মানি। ইন্দোনেশিয়ার সুরাকার্তার মানাহান স্টেডিয়ামে নির্ধারিত সময়ের খেলা শেষ হয়েছিল ২-২-এ সমতায়। এরপর পেনাল্টি শুটআউটে জয় নিয়ে মাঠ ছাড়ে জার্মান কিশোররা। এ নিয়ে ইউরোপের পঞ্চম দল হিসেবে অনূর্ধ্ব-১৭ ফুটবল বিশ্বকাপ জিতল জার্মানি। ২৯তম মিনিট এগিয়ে যায় জার্মানি অনূর্ধ্ব-১৭ দল। স্পটকিক থেকে গোলটি করেন প্যারিস ব্রুনার। প্রথমার্ধে আর কোনো গোলের দেখা পায়নি জার্মানি। তবে দ্বিতীয়ার্ধে খেলা জমে ওঠে। ৫১তম মিনিটে ব্যবধান ২-০ করেন জার্মানির নোয়াহ ডারভিচ। দুই গোলে পিছিয়ে থাকা ফ্রান্স অবশ্য ঘুরে দাঁড়াতে দেরি করেনি। দ্বিতীয় গোল হজম করার মিনিট দুয়েক পরেই ফ্রান্সের হয়ে একটি গোল শোধ করেন সায়মন বোয়াব্রে। ৬৯ মিনিটে উইনার্স উসাউই দ্বিতীয় হলুদ কার্ড দেখে মাঠ ছাড়লে দশজনের পরিণত হয় জার্মানি। এই সুযোগ কাজে লাগিয়ে ৮৫তম মিনিটে গোলও পেয়ে যায় ফ্রান্স। টিডিয়াম গোমিসের অ্যাসিস্টে ফ্রান্সের হয়ে সমতা ফেরান ম্যাথিস আমোউগো। বাকি সময়ে আর কোনো গোল না হওয়ায় ম্যাচ গড়ায় টাইব্রেকারে। যেখানে জয় তুলে নেয় জার্মান কিশোররা।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR